# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 06 April, 2025

যুক্তরাষ্ট্রের আরোপ করা উচ্চ শুল্ক হার রপ্তানিতে তেমন কোনো প্রভাব পড়বে না বলে মন্তব্য করেছেন অর্থ উপদেষ্টা ড সালেহউদ্দিন আহমেদ। রোববার (৬ এপ্রিল) ঈদের ছুটি শেষে সচিবালয়ে প্রথম কার্যদিবসে সাংবাদিকদের সাথে আলাপকালে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, আমদানি বৃদ্ধির মাধ্যমে বাণিজ্য ঘাটতি কমানোর উদ্যোগ নেয়া হচ্ছে।যাতে দেশটি থেকে আমদানি করা পণ্যে বাড়তি শুল্ক ও ট্যারিফ কমানোর আলোচনা চলছে।এছাড়াও নতুন শুল্ক আরোপের যতটুকু প্রভাব পড়বে তা সামলানোর ব্যাপারে ব্যবস্থা নেয়া হচ্ছে।এ নিয়ে বেশি চিন্তিত হওয়ার কারণ নেই।বিষয়টি পর্যালোচনা করা হবে।

অর্থ উপদেষ্টা বলেন, পোশাক রপ্তানির ক্ষেত্রে একক বাজারের ওপর নির্ভরশীলতা কমানোর পদক্ষেপও নেয়া হচ্ছে।

তিনি আরও বলে, এবারের রমজান এবং ঈদে দ্রব্যমূল্যের দাম তুলনামূলকভাবে কম ছিল।ঈদযাত্রায় মানুষ স্বস্তি পেয়েছে।সকল মন্ত্রণালয় একসাথে কাজ করেছে বলে এটি সম্ভব হয়েছে।এ সময় দেশের অর্থনৈতিক অবস্থা ভালোর দিকে যাচ্ছে বলেও জানান তিনি।

যুক্তরাষ্ট্র অর্থ উপদেষ্টা সচিবালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 11:20

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/355810356